দৈনিক সংবাদ 001

তারিখ 07 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 6

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের সংঘর্ষ ২ জন গুলীবিদ্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৬ই জানুয়ারী।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে আজ বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে দু'জন গুলীবিদ্ধসহ ১৪ জন ছাত্র আহত হয়েছে। আগামীকাল থেকে আবাসিক ছাত্রাবাসগুলো খুলে দেয়া হবে। ৯ই জানুয়ারী থেকে বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান, আজ বিকেলে একদল ছাত্র সোহরাওয়ার্দী হলে প্রবেশ করার চেষ্টা করলে আগে থেকেই হলে অবস্থানরত ছাত্রদের সঙ্গে সংঘর্ষ বাধে। এক পর্যায়ে হলে অবস্থানরত ছাত্ররা কয়েক রাউণ্ড গুলী চালায় ও লাঠিসোঁটা নিয়ে হামলা করে। ফলে দু'জন গুলীবিদ্ধসহ ১৪জন আহত হয়। গুলীবিদ্ধ অবস্থায় বহিরাগত ছয়ায়ুন রশিদ (২৮)কে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তার অবস্থা আশংকাজনক।

কর্তৃপক্ষ জানান, আগামীকাল হলগুলো খোলার কথা থাকলেও গত পরশু থেকে ছাত্ররা হলে আসতে শুরু করে।

### শিক্ষকদের কাজে যোগদানের সিদ্ধান্ত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সিণ্ডিকেটের অনুরোধের প্রেক্ষিতে আগামী ১০ই জানুয়ারী থেকে কাজে যোগদান করবেন। বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করার দাবীতে গত ১০ই অকটোবর থেকে শিক্ষকরা কর্মবিরতি পালন করে আসছেন।

আজ বিশ্ববিদ্যালয়ের ক্লাবে অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমিতির সভায় আগামী ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে শিক্ষকদের দাবীসমূহ মেনে নেয়া না হলে পুনরায় কর্মবিরতি শুরু করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।

### অভিযুক্ত ছাত্রদের বিরুদ্ধে এখনো ব্যবস্থা নেয়া হয়নি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট ফৌজদারী মামলায় অভিযুক্ত ১২ জন ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্যের প্রতি

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

### ২ জন গুলীবিদ্ধ

(১ম পাতার পর)

আহ্বান জানানোর ৬ দিনের মধ্যেও কোন ব্যবস্থা নেয়া হয়নি। '৮৬ সালের ২৬শে নভেম্বর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সহিংস ঘটনায় অভিযুক্ত ৩১ জনের মধ্যে ১২ জনের বিরুদ্ধে চার্জশীট ও গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়।

গত ৩১শে ডিসেম্বর দীর্ঘ ৩ মাস পর অনুষ্ঠিত সিণ্ডিকেটের সভায় '৮৬ সালের সংঘর্ষে অভিযুক্ত ছাত্রদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ ও শিক্ষকদের দাবীসমূহ কার্যকর করার জন্য উপাচার্যের প্রতি আহ্বান ও শিক্ষকদের কাজে যোগদানের অনুরোধ জানানো হয়।

এদিকে সিণ্ডিকেটের সদস্যদের অপদস্ত করার দায়ে অভিযুক্ত ৪ জন ছাত্রের মধ্যে ২ জনকে গত নভেম্বরে কারণ দর্শাও নোটিশ প্রদান করা হলেও কোন জবাব পাওয়া যায়নি। প্রশাসন সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় খোলার পর অভিযুক্ত এই ৪ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের জনৈক সদস্য জানান, গ্রেফতারী পরোয়ানা থাকা সত্ত্বে অভিযুক্তরা ক্যাম্পাসে অবস্থান করছে। কর্তৃপক্ষ তাদের গ্রেফতারের বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে এখনো কোন অনুমতি দেয়নি।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রোক্টরের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, অভিযুক্ত ছাত্রদের সম্পর্কে পেশকৃত তদন্ত রিপোর্ট অনুযায়ী ডিসিপ্লিনারী কমিটি কোন ব্যবস্থা গ্রহণ করতে পারে না। কেবলমাত্র আইন প্রয়োগকারী সংস্থাই এ ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারে।

### উদ্বেগ প্রকাশ

চট্টগ্রামের ৭টি পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে ক্যাম্পাসে বিরাজমান অবনতিশীল আইন-শৃংখলা পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানিয়েছেন।

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো রোববার খুলে দেয়া হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো আগামী ১০ই জানুয়ারী খুলে দেয়া হবে। ক্লাস শুরু হবে ১৬ই জানুয়ারী। আর ছাত্রছাত্রীরা লাইব্রেরীতে যেতে পারবে ১২ই জানুয়ারী থেকে।

গতকাল বুধবার অনুষ্ঠিত সিণ্ডিকেটের জরুরী সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে। উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান সভায় সভাপতিত্ব করেন।

গতরাতে বিশ্ববিদ্যালয়ের উচ্চপদস্থ একজন কর্মকর্তা এক প্রশ্নের জবাবে জানান, সর-

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

### ডিগ্রী পরীক্ষার নতুন তারিখ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৭ সালের স্থগিত ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা আগামী ২৮শে জানুয়ারী থেকে শুরু হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী শীঘ্রই ঘোষণা করা হবে।

বিরাজমান পরিস্থিতির জন্য গত ৯ থেকে ১৪ই নভেম্বর পর্যন্ত সময়ে মফস্বল কেন্দ্রে যারা ১৯৮৭ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি, তাদের মধ্যে এই পরীক্ষায় যারা অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে ৪৫ টাকা কেন্দ্র ফিসসহ আগামী ২৪শে জানুয়ারীর মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন জানাতে হবে। আবেদনের সংগে তাদেরকে পূর্বের প্রবেশপত্রের ফটোকপিও দাখিল করতে হবে। কেবলমাত্র ঢাকা কেন্দ্রেই এসকল পরীক্ষার্থীর পরীক্ষা অনুষ্ঠিত হবে।

### প্রথম বর্ষ সম্মান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের প্রথম বর্ষ বি, এ/বি, এস এস/আইন সম্মান পরীক্ষা আগামী ৮ই ফেব্রুয়ারী, ১৯৮৮ তারিখ থেকে এবং বি, এস, সি প্রথম বর্ষ সম্মান পরীক্ষা ১০ই ফেব্রুয়ারী, ১৯৮৮ তারিখ থেকে শুরু হবে। বিস্তারিত সময়সূচী শিগগিরই ঘোষণা করা হবে।

### ২২টি সংগঠনের অভিযোগ

২২টি ছাত্র সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বোমা উদ্ধারের ঘটনাকে 'বানোয়াট কল্পকাহিনী' হিসেবে উল্লেখ করে এই ঘটনা এবং গত মঙ্গলবার টি-এস সি'র সামনে অস্ত্রধারীদের তৎপরতাকে সরকার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আবার ঘোলাটে করার অপচেষ্টা বলে অভিহিত করেছে।

গতকাল বুধবার দেয়া সংগঠনগুলোর এক যুক্ত বিবৃতিতে বলা হয়, দেশবাসীর চাপে যখন বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হচ্ছে তখন সরকারের মদদে মুখচেনা চিহ্নিত অস্ত্রধারীরা মঙ্গলবার ছাত্রলীগের অনুষ্ঠান চলাকালে হামলা চালায়। বিবৃতিতে বলা হয় উপরোক্ত দু'টি ঘটনা শিক্ষাঙ্গনের ভাবমূর্তি বিনষ্ট করার অপচেষ্টা মাত্র।